

শিক্ষার মানোন্নয়নে কর্মশালা

# শিক্ষার্থীদের শ্রেণীকক্ষ ও পাঠ্মুখী করতে হবে : ইউএনও ফারজানা রহমান

শাহ জালাল, সোনারগাঁও সংবাদদাতা, নারায়ণগঞ্জ

প্রকাশিত: ১৬:৩৭, ১৯ মে ২০২৫



ছবি: সংগৃহীত

শিক্ষার মানোন্নয়ন করতে হলে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের সমন্বয়ে শিক্ষার প্রতি গুরুত্ব দিয়ে শিক্ষার্থীদের শ্রেণীকক্ষ ও পাঠ্মুখী করতে হবে বলে মন্তব্য করেছেন নারায়ণগঞ্জের সোনারগাঁ উপজেলা নির্বাহী কর্মকর্তা ফারজানা রহমান।



আজ দুপুরে সোনারগাঁ উপজেলা অডিটোরিয়ামে শিক্ষার মানোন্নয়ন ও শিক্ষার্থীদের শ্রেণীকক্ষ ও পাঠ্মুখী করার কর্মশালায় সভাপতির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন।



তিনি আরো বলেন, শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবক এই তিনি পক্ষ এক হয়ে কাজ করতে হবে। শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবক এক না হলে শুধু এক পক্ষ কাজ করলে এর সুফল পাওয়া যাবে না। বর্তমান ডিজিটাল যুগে শিক্ষার্থীদেরকে মোবাইল ফোন থেকে দুরে রাখতে হবে। মোবাইল ফোনের কুফল সম্পর্কে জানাতে হবে।



নয় বছরের আমানের বিশ্বরেকর্ড | News | ...

Share

Watch on 

[নয় বছরের আমানের বিশ্বরেকর্ড | News | Sports | Janakantha](#)

এসময় আরও উপস্থিত ছিলেন এনসিটিবি এর বিশেষজ্ঞ মাহমুদুল আমীন, সহকারী কমিশনার ভূমি মঞ্চুর মোর্শেদ, সহকারী কমিশনার ভূমি (কাঁচপুর সার্কেল) সেগুফতা মেহনাজ, সিনিয়র মৎস্য কর্মকর্তা মাহমুদা আক্তার সহ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীরা।